# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 28 March, 2025

দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ মিয়ানমারে শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে।রিখটার স্কেলে এই কম্পনের মাত্রা ছিল ৭ দশমিক ৭।পরে সেখানে আরেকটি কম্পন অনুভূত হয়।দ্বিতীয় ওই কম্পনের মাত্রা ছিল ৬ দশমিক ৪।শুক্রবার (২৮ মার্চ) আঘাত হানা এ জোড়া ভূমিকম্পে মিয়ানমারে বিভিন্ন অবকাঠামো ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে জানা গেছে, দেশটির একটি মসজিদ ধসে অন্তত তিন মুসল্লি নিহত হয়েছেন।

বার্তাসংস্থা রয়টার্স জানিয়েছে, মধ্যাঞ্চলের বাগোর তুয়াঙ্গো শহরে মসজিদ ধসে পড়ার ঘটনা ঘটে।দুইজন প্রত্যক্ষদর্শী রয়টার্সকে বলেছেন, “যখন কম্পন শুরু হয় আমরা প্রার্থনা করছিলাম।মসজিদ ধসে তিনজন ঘটনাস্থলে মারা গেছেন।

মিয়ানমারের পাশাপাশি থাইল্যান্ডের রাজধানী ব্যাংককসহ এই অঞ্চলের অন্যান্য স্থানেও কম্পনের খবর পাওয়া গেছে।মিয়ানমারের এই ভূমিকম্প ব্যাংককে বেশ তীব্রভাবে অনুভূত হয়েছে এবং কম্পনের তীব্রতায় নির্মাণাধীন ভবন ধসে পড়ার ভিডিও ফুটেজও সামনে এসেছে।সামাজিক যোগাযোগামাধ্যমে ভাইরাল হওয়া ভিডিওতে দেখা গেছে, নির্মাণাধীন ভবনটি খাড়াখাড়িভাবে ধসে পড়ছে।পরবর্তীতে স্থানীয় কর্তৃপক্ষ জানায়, ওই ভবনটিতে ৫০ জন কাজ করছিলেন।যারমধ্যে সাতজন বেঁর হয়ে যেতে সক্ষম হন।কিন্তু আটকে পড়েন ৪৩ জন।যাদের উদ্ধারে এখন ব্যাপক অভিযান চালানো হচ্ছে।

মিয়ানমারের স্থানীয় সময় দুপুর ১২:৫০ মিনিটে সাগাইং শহরের ১৬ কিলোমিটার (১০ মাইল) উত্তর-পশ্চিমে ১০ কিলোমিটার গভীরে এই ভূমিকম্প আঘাত হানে বলে জানিয়েছে মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস)।গৃহযুদ্ধের মধ্যে থাকা দক্ষিণ-পূর্ব এশিয়ার এই দেশটিতে ভূমিকম্পের ক্ষয়ক্ষতি সম্পর্কে তাৎক্ষণিকভাবে কোনও খবর পাওয়া যায়নি।

তবে বার্তাসংস্থা এএফপি মিয়ামারের রাজধানী নেপিদো থেকে জানিয়েছে, ভূমিকম্পের তীব্রতায় রাস্তাঘাট স্তব্ধ হয়ে গেছে এবং ভবন থেকে ছাদের টুকরো ভেঙে পড়েছে।

সূত্র: রয়টার্স

ভূমিকম্প মিয়ানমার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:32

URL: https://www.timestodaybd.com/international/13981506